রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৫ ভাদ্র , ১৪২২ বঙ্গাব্দ/ ০৯ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ।

**এস আর ও নং ২৮৭-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, উপ-সহকারী প্রকৌশলী (গণপূর্ত অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিলেন, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল**
[বিধি ২(২) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩০ বৎসর | (১) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(২) ১০% পদোন্নতির মাধ্যমে | **(১) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (সিভিল) সার্টিফিকেট থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (২) **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) সার্ভেয়ার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; অথবা<br>(খ) ড্রাফটসম্যান পদে ৭ (সাত) বৎসরের চাকুরি এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে এস,এস,সি বা এস,এস,সি (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ড্রাফটিং-এ সনদপত্র থাকিতে হইবে; অথবা<br>(গ) ওয়ার্ক-এসিস্ট্যান্ট পদে ১০ (দশ) বৎসরের চাকুরি। |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল) | ৩০ বৎসর | (১) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(২) ১০% পদোন্নতির মাধ্যমে | (১) **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে অন্যূন ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/পাওয়ার) সার্টিফিকেট থাকিতে হইবে।<br>(২) **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) ড্রাফটসম্যান পদে ৭ (সাত) বৎসরের চাকুরি এবং কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে এস,এস,সি বা এস,এস,সি (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ড্রাফটিং-এ সনদপত্র থাকিতে হইবে; অথবা<br>(খ) ওয়ার্ক-এসিস্ট্যান্ট পদে ১০ (দশ) বৎসরের চাকুরি। |

**ব্যাখ্যাঃ** এই তফসিলের উদ্দেশ্যপূরণকল্পে, সার্ভেয়ার, ড্রাফটসম্যান এবং ওয়ার্ক-এসিস্ট্যান্ট বলিতে গণপূর্ত অধিদপ্তর (কর্মকর্তা-কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এর তফসিলের ক্রমিক নং ১৭, ২২ এবং ৩৩ এ উল্লিখিত যথাক্রমে, সার্ভেয়ার, ড্রাফটসম্যান এবং ওয়ার্ক-এসিস্ট্যান্ট পদকে বুঝাইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফাহিমুল ইসলাম**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd